

(একই তারিখ ও সারকে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.২২৬.২৩.৬০৪

বিষয়: ফুটেক্স (বাংলাদেশ) গার্মেন্ট ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড নামক ১০০% রপ্তানীমুখী “তৈরী পোশাক (নীট ও ওভেন)” বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত ব্যবহৃত (used) মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-১০৯১, তারিখ: ২৬/১১/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, ফুটেক্স (বাংলাদেশ) গার্মেন্ট ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড, অফিস ও কারখানাঃ দক্ষিণ গৌরিপুর, আশুলিয়া, সাভার, ঢাকা নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী “তৈরী পোশাক” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইএক্সপি/এফ ০০০১১৬৮-২৩, তারিখ: ২১/০৮/২০২৩ খ্রিঃ এবং শিল্প উপ-খাতঃ তৈরী পোশাক (নীট ও ওভেন)। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত ব্যবহৃত (used) মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং- FUTEX-MC-002, তারিখ- ২৩-০৯-২০২৪ খ্রিঃ, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং- COAU7254886860, তারিখ-১৬-১১-২০২৪ খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- USD=101440.00 ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ দক্ষিণ গৌরিপুর, আশুলিয়া, সাভার, ঢাকা এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত ব্যবহৃত (used) মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

#### শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানাঃ দক্ষিণ গৌরিপুর, আশুলিয়া, সাভার, ঢাকা এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।
- আমদানিকৃত মেশিনারীজ কারখানায় স্থাপন করতঃ মেশিনারীজ আমদানির বিনিয়োগ USD=101440.00 ডলার নিবন্ধনে অন্তর্ভুক্ত করে নিবন্ধনের বিনিয়োগ সংশোধন করতে হবে এবং মেশিনারীজ কারখানায় স্থাপন করার ০৩ (তিন) মাসের মধ্যে বস্ত্র অধিদপ্তরকে অবহিত করতে হবে।



০৩-১২-২০২৪

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত  
সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩,  
পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.২২৬.২৩.৬০৪/১ (৬)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ফুটেক্স (বাংলাদেশ) গার্মেন্ট ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড, অফিস ও কারখানাঃ দক্ষিণ গৌরিপুর, আশুলিয়া, সাভার, ঢাকা।
- ৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।



০৩-১২-২০২৪

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত  
সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)